# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 06-06-2024

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

(১) রাজ্য সরকারের ক্যাবিনেট বৈঠকে আগামী নভেম্বরের মধ্যে পঞ্চায়েত নির্বাচন আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ/

(২) দূরদর্শনযোগে মহাবীর লাচিত বরফুকনের জীবন সম্পর্কিত অনুষ্ঠান সম্প্রচার করার জন্য রাজ্যসরকার এবং প্রসার ভারতীর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা চুক্তিতে ক্যাবিনেটের অনুমোদন/

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এন ডি এ'র নতুন সরকার গঠনের প্রস্তুতি অব্যাহত/নতুনদিল্লিতে আগামীকাল এন ডি এ'র নবনির্বাচিত সাংসদ এবং এন ডি এ শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠক/

এবং

(৪) সমাজ সংস্কারক ও ডাইনি হত্যার বিরুদ্ধে সংগ্রাম করা বীরুবালা রাভার স্মৃতিতে রাজ্যসরকারের প্রতিবছর ১৩ মে'তে কুসংস্কার বিরোধী দিবস পালনের ঘোষণা/

---------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে আজ অনুষ্ঠিত রাজ্যসরকারের ক্যাবিনেট বৈঠকে আগামী নভেম্বর মাসের মধ্যে আসামে পঞ্চায়েত নির্বাচন আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এছাড়া প্রতিটি পঞ্চায়েত ও জেলাপরিষদ যাতে দুটো বিধানসভার অন্তর্গত না হয়, এই বিষয়টির উপরও বিশেষ গুরুত্ব আরোপ করা হবে । লোকসভা নির্বাচনের পূর্বে অরুণোদয় প্রকল্প রাজ্যের সর্বাধিক সংখ্যক লোকের কাছে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি পূরণের জন্য কিধরণের অথবা কত সংখ্যক লোককে এর আওতায় নিয়ে আসা হবে, সেই বিষয়ে বিবেচনা করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এরজন্যে রাজ্যের মন্ত্রী অজন্তা নেওগ, ডাঃ রণোজ পেগু, বিমল বরা, কেশব মহন্ত এবং রঞ্জিত কুমার দাসকে নিয়ে একটি ক্যাবিনেট উপ-সমিতি গঠন করে এই প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে রাজ্যসরকারের আর্থিক পরিস্থিতি কতটা সমর্থ হবে, সেই বিষয়ে একমাসের মধ্যে পরামর্শ দাখিল করার নির্দেশ দেওয়া হয়েছে ।

চরাইদেওকে বিশ্ব ঐতিহ্য ক্ষেত্রের স্বীকৃতি প্রদানের জন্য পরামর্শদাতা কমিটি ইতিমধ্যে ইউনেস্কো'র কাছে ইতিবাচক প্রতিবেদন প্রেরণ করেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে- আগামী মাসে ভারতের পৌরহিত্যে নতুনদিল্লিতে ইউনেস্কো'র বৈঠক অনুষ্ঠিত হবে । এর পরিপ্রেক্ষিতে নতুনদিল্লিতে থাকা ইউনেস্কো'র প্রতিটি সদস্য রাষ্ট্রের দূতাবাসের সঙ্গে রাজ্যসরকার কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয়ের সহযোগিতায় যোগাযোগ করবে বলে ক্যাবিনেটের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় ।

আজকের ক্যাবিনেটে দূরদর্শন যোগে মহাবীর লাচিত বরফুকনের জীবন নিয়ে ৫২ এপিসোডের ধারাবাহিক সম্প্রচার করার জন্যেও রাজ্যসরকার ও প্রসার ভারতীর মধ্যে দশ কোটি টাকা ব্যয় করার বিষয়ে একটি সমঝোতা চুক্তিতে অনুমোদন জানানো হয়েছে ।

নিযুত মইনা প্রকল্পের আওতায় মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীদের দশ হাজার এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীদের বারো হাজার টাকা করে দেওয়া সংক্রান্ত বিষয়ে সবদিক খুঁটিয়ে দেখে সাতদিনের মধ্যে বিষয়টি সম্পর্কে

অবগত করতে দুই মন্ত্রী ডাঃ রণোজ পেগু এবং চন্দ্রমোহন পাটোয়ারিকে বৈঠকে দায়িত্ব অর্পণ করা হয়েছে ।

মাইক্রি ফাইন্যান্সের ঋণ রেহাই ৫০ হাজার টাকা পর্যন্ত করার সিদ্ধান্ত আগামী আগস্ট মাসে রূপায়ণ করার জন্যেও বৈঠকে বলা হয়েছে । এদিকে ১৫ লক্ষ ব্যক্তিকে নতুন করে রেশন কার্ড প্রদানের বিষয়েও বেঠকে সিদ্ধান্ত নেওয়া হয় । আজকের বৈঠকে রাজ্যের বন্যা পরিস্থিতির মোকাবিলা করার জন্যেও বিভিন্ন ব্যবস্থা গ্রহণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এদিকে আত্মনির্ভর আসাম প্রকল্পের আওতায় ঋণের জন্য আবেদন করা ৩০ হাজার বাছাই করা যুবক যুবতীকে ঋণ প্রদানের বিষয়েও ক্যাবিনেটে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে নতুন মন্ত্রীসভার শপথ গ্রহণের জন্য প্রস্তুতি অব্যাহত রয়েছে । উল্লেখ্য- লোকসভার ৫৪৩ টি আসনের মধ্যে বিজেপি নেতৃত্বাধীন জাতীয় গণতান্ত্রিক মোর্চা অর্থাৎ এন ডি এ জোট ২৯৩ টি আসন পেয়ে তৃতীয়বারের জন্য ক্ষমতা দখলের দিকে অগ্রসর হচ্ছে । গতকাল প্রধানমন্ত্রী তাঁর নিজের সহ মন্ত্রীসভার সকল সদস্যের পদত্যাগপত্র রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর কাছে দাখিল করেছিলেন । রাষ্ট্রপতি পদত্যাগপত্র গ্রহণ করে প্রধানমন্ত্রীকে নতুন সরকার গঠন না হওয়া পর্যন্ত কার্যভার চালিয়ে যাওয়ার আহ্বান জানান ।

এদিকে এই শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রতিবেশী রাষ্ট্র- শ্রীলংকা, বাংলাদেশ, ভূটান, নেপাল এবং মরিশাসের রাষ্ট্রপ্রধান অথবা সরকার প্রধানেরা অংশগ্রহণ করবেন । বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রীর শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আগামীকাল বিকেলে নতুনদিল্লি আসছেন । এবং শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি পুনরায় আগামী নয়ই মে ঢাকা ফিরে যাবেন । ফোনযোগে হওয়া বার্তালাপে শ্রী মদী বাংলাদেশের প্রধানমন্ত্রীকে শপথ গ্রহণ অনুষ্ঠানে আসার আমন্ত্রণ জানান ।

এছাড়া শ্রীলংকার রাষ্ট্রপতি রণিল উইক্রেমসিংঘেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শপথ গ্রহণ অনুষ্ঠানের জন্য জানানো আমন্ত্রণের প্রতি সম্মতি জানিয়েছেন । ফোনযোগে কথাবার্তা ছাড়াও সামাজিক মাধ্যমের বার্তায় শ্রীলংকার রাষ্ট্রপতি সম্প্রতি ভারতে হওয়া সাধারণ নির্বাচনে এন ডি এ সরকারের সংখ্যাগরিষ্ঠতা লাভ করার জন্য এবং লাগাতর তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়ায় নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

জাতীয় গণতান্ত্রিক মোর্চা এন ডি এ সরকার গঠনের ক্ষেত্রে অগ্রসর হওয়ার পরিপ্রেক্ষিতে বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ নতুনদিল্লীতে কেন্দ্রীয় মন্ত্রী এবং দলটির প্রবীণ নেতাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ , রাজনাথ সিং ,মনসুখ মান্ডাভিয়া ,পীযুষ গোয়েল , অশ্বিনী বৈষ্ণব সহ বেশ কয়েকজন প্রবীণ নেতা উপস্থিত ছিলেন ।এন ডি এ নেতাদের সর্বসম্মতিক্রমে
নরেন্দ্র মোদীকে তাঁদের নেতা নির্বাচিত করার একদিন পর এই বৈঠক অনুষ্ঠিত হয়েছে । এদিকে আগামীকাল নতুনদিল্লীতে জাতীয় গণতান্ত্রিক মোর্চার সংসদীয় দলের একটি বৈঠক অনুষ্ঠিত হবে ।এই বৈঠকে বিজেপি , টিডিপি , জেডিইউ ,এল জে পি -আর ,শিবসেনা (শিন্দে গোষ্ঠি ) জে ডি এস এবং এন ডি এ'র অন্যান্য সহযোগি দলসমুহের নবনির্বাচিত সাংসদদের উপস্থিত থাকার কথা রয়েছে ।নতুন সরকার গঠন সম্পর্কে সহযোগী দলসমুহের নেতা সহ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে এই বিষয়ে আলোচনা করা হবে ।এর পরিপ্রেক্ষিতে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ নতুন দিল্লী রওয়ানা হয়েছেন ।

---------------------------------------------------------------------------

এন ডি এ'র নতুন সরকার গঠনের ক্ষেত্রে জনতা দল ইউনাইটেড ( জে ডি ইউ) মন্ত্রীপদ লাভের জন্য কোনধরণের সর্ত আরোপ করেনি বলে দলের পক্ষ থেকে আজ প্রকাশ করা হয়েছে ।জে ডি ইউ'র মুখপাত্র কে সি ত্যাগী বলেন যে বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা প্রবীণ বিজেপি নেতা রাজনাথ সিংকে এন ডি এর সহযোগি দলগুলোর সঙ্গে মন্ত্রীসভা গঠন সম্পর্কে আলোচনা করার দায়িত্ব অর্পণ করেছে এবং এই উদ্দেশ্যে আলোচনা অব্যাহত

রয়েছে ।শ্রী ত্যাগী বলেন যে বিহারের দারিদ্রতা , বেকার সমস্যা ইত্যাদি বেশ কিছু সমস্যার সমাধান করার জন্য রাজ্যটির ওপর বিশেষ গুরুত্ব দিতে জে ডি ইউ আহ্বান জানিয়েছে ।উল্লেখ্য জে ডি ইউ বিহারে ১২ টি লোকসভা আসন দখল করতে সক্ষম হয়েছে এবং লোকসভা নির্বাচনে বিজেপি একক সংখ্যা গরিষ্ঠতা লাভের ক্ষেত্রে পিছিয়ে থাকায় এন ডি এ সরকার গঠনে দলটির একটি বিশেষ ভূমিকা রয়েছে ।

--------------------------------------------------------------------------------

কংগ্রেসের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে বলেছেন যে- আই এন ডি আই মিত্রজোট লোকসভায় সক্রিয় বিরোধী দলের ভূমিকা পালন করবে । তারা জনসাধারণের ইচ্ছা- আকাঙ্খা বিজেপি সরকারের দ্বারা নিয়ন্ত্রিত হওয়ার ক্ষেত্রে বাধা আরোপ করার জন্য সঠিক সময়ে যথোচিত সিদ্ধান্ত গ্রহণ করবেন বলে শ্রী খার্গে প্রকাশ করেছেন । তিনি বলেন যে- আই এন ডি আই মিত্রজোট জনসাধারণকে দেওয়া প্রতিশ্রুতি রক্ষার চেষ্টা করবে ।

--------------------------------------------------------------------------------

সমাজ সংস্কারক তথা ডাইনী হত্যার বিরুদ্ধে লড়াই করা সংগ্রামী বীরুবালা রাভার মৃত্যু দিন অর্থাৎ ১৩ ই মে কুসংস্কার বিরোধি দিবস হিসেবে পালন করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কেবিনেট বৈঠকের পর ঘোষণা করেছেন ।এর পূর্বে আজ তিনি গোয়ালপারা জেলার ঠাকুরবিলে প্রয়াত বীরুবালা রাভার বাসভবনে উপস্থিত হয়ে পরিবারবর্গের সঙ্গে সাক্ষাৎ করে সমবেদনা জ্ঞাপন করেন ।বীরুবালা রাভার আদর্শকে স্মরণ করে কুসংস্কারের বিরুদ্ধে সংগ্রাম অব্যাহত রাখা সবার দায়িত্ব বলে মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেন ।প্রয়াত রাভার নামে অক্ষয় প্রদীপ জালিয়ে রাখার জন্য রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস দেন ।এছাড়া মিশন বীরুবালা শক্তিশালী করার ক্ষেত্রে রাজ্য সরকার সহায়তা করবে বলে তিনি জানান ।

--------------------------------------------------------------------------------

আসামের বন্যা পরিস্থিতি আজ কিছুটা উন্নত হয়েছে ।এদিকে সাম্প্রতিক বন্যায় কাছাড় জেলায় একজনের মৃত্যু হওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যে এবারের বন্যায় মৃতের সংখ্যা ২৫ ।তবে বন্যায় ক্ষতিগ্রস্থ লোকের সংখ্যা হ্রাস পেয়ে ২ লক্ষ

৪৬ হাজার হয়েছে ।রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রকাশিত তথ্য অনুযায়ী কাছাড় , করিমগঞ্জ , হাইলাকান্দি ,মরিগাঁও ,নগাঁও , ডিমাহাসাও , হোজাই এবং পশ্চিম কার্বিআংলং জেলার নীচু এলাকা এখনো বন্যার কবলে রয়েছে ।৩৭৫ টি গ্রামের ২২ হাজারেরও বেশী লোক সম্প্রতি ১২২ টি ত্রাণ শিবিরে আশ্রয় গ্রহণ করা সহ ৫ হাজার হেক্টরেরও বেশী কৃষিজমি ক্ষতিগ্রস্থ হয়েছে ।রাজ্যের বিভিন্ন স্থানে ভূমি ধসের ফলে সমস্যার সৃষ্টি হয়েছে ।
এদিকে আবহাওয়া বিজ্ঞান বিভাগ আগামী ২৪ ঘন্টায় আসাম সহ উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোতে হালকা থেকে মাঝারি বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনার কথা প্রকাশ করেছে ।

---------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা উন্নয়ন কমিটির এক সভা আজ অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বাস্তবায়নের অগ্রগতি ও সমস্যা নিয়ে পর্য্যালোচনা করা হয়েছে । জল সম্পদ বিভাগ থেকে জানানো হয় যে জেলার সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ তছলা বাঁধের মেরামতির কাজ আজ থেকে শুরু হলেও রতনপুর ও মোহনপুরে কাটাখাল নদীর বাঁধ মেরামতির কাজ খুব শীঘ্রই শুরু হবে । সভায় এ পি ডি সি এল-এর পক্ষ থেকে জানানো হয় যে দূর্লভছড়া থেকে লতাকান্দি পর্য্যন্ত ৩৩ কেভির নতুন বৈদ্যুৎতিক লাইন নির্মানের কাজ শুরু হয়েছে যা আগামী বছরের এপ্রিল মাস নাগাদ শেষ হবে । সভায় বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা অংশগ্রহন করেন ।

--------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আগামীকাল থেকে সকাল ৯টা থেকে পাঠদান শুরু হবে । হাইলাকান্দির শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদীপ রায় এক বিজ্ঞপ্তীতে এ খবর জানিয়েছেন ।উল্লেখ্য সাম্প্রতিক তীব্র গরমের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থীদের স্বার্থে শিক্ষা প্রতিষ্ঠানগুলির ক্লাস এগিয়ে আনা হয়েছিল । বর্তমানে আবহাওয়ার উন্নতি হওয়ায় শিক্ষা

প্রতিষ্ঠানগুলির ক্লাস যথারীতি একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী আগের মতো সকাল ৯টায় শুরু হবে ।

-----------------------------------------------------------------------

শিলচর ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ি ও সোনাই রোডের রাস্তার দায়িত্বে থাকা এন এইচ আই ডি সি এল কার্যালয়ের আধিকারিকদের সঙ্গে আজ সাক্ষাৎ করেছেন শিলচরের নাগরিক স্বার্থ রক্ষা সংগ্রাম পরিষদের এক প্রতিনিধিদল । পরিষদের সাধারণ সম্পাদক হরিদাস দত্ত সহ অন্যান্য সদস্যরা এবং মার্চ ফর সায়েন্স'এর শিলচর চ্যাপ্টারের মহীতোষ পাল ও কমল চক্রবর্তী কার্যালয়টির আধিকারিকদের সঙ্গে দেখা করে এই সড়কগুলির ভাঙ্গা অংশগুলি দ্রুত সংস্কারের দাবি জানিয়েছেন । তারা এইক্ষেত্রে শিলচরের বিধায়কের হস্তক্ষেপও দাবি করেছেন । উভয় সংগঠন সড়ক সংস্কারের কাজ দ্রুত সম্পন্ন না হলে বৃহত্তর গণ আন্দোলনের কার্যসূচী গ্রহণ করা হবে বলে জানিয়েছে ।

-----------------------------------------------------------------------

আসাম সরকারের ভাষিক সংখ্যালঘু বোঁডের উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্মজয়ন্তী উৎসবকে কেন্দ্র করে আয়োজিত রাজ্য ভিত্তিক রবীন্দ্র সঙ্গীত ও রবীন্দ্র নৃত্য প্রতিযোগীতার কাছাড় জেলার অডিশন পর্ব আগামী ৮ ও ৯ই জুন শিলচরে অনুষ্ঠিত হবে । ইচ্ছুক প্রতিযোগীদের ৭০০২৫৮৪২৭৩ , ৯৪৩৫১-৪৭৬৫৮ নম্বরের যোগাযোগ করতে বলা হয়েছে । উল্লেখ্য আগামী ৮ই জুন সকাল ১০টা থেকে রবীন্দ্র সঙ্গীত এবং ৯ই জুন সকাল ১০টা থেকে রবীন্দ্র নৃত্য প্রতিযোগীতার অডিশন পর্ব অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------